

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৩

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ১৪. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর ওফাত সম্পর্কে

باب في وفاة النبي صلى الله عليه وسلم

আরবী

أَخْبَرَنَا سَعِيدُ بْنُ مَنْصُورٍ، حَدَّثَنَا فُلَيْحُ بْنُ سُلَيْمَانَ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ، عَنِ الْقَاسِمِ بْنِ مُحَمَّدٍ، عَنْ عَائِشَةَ، قَالَتْ: أَوْذَنَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالصَّلَاةِ فِي مَرَضِهِ فَقَالَ: «مُرُوا أَبَا بَكْرٍ يُصَلِّيَ بِالنَّاسِ». ثُمَّ أَغْمِيَ عَلَيْهِ، فَلَمَّا سُرِّيَ عَنْهُ، قَالَ: «هَلْ أَمَرْتُنَّ أَبَا بَكْرٍ يُصَلِّيَ بِالنَّاسِ؟». فَقُلْتُ: إِنَّ أَبَا بَكْرٍ رَجُلٌ رَقِيقٌ، فَلَوْ أَمَرْتَ عُمَرَ. فَقَالَ: «أَنْتُنَّ صَوَاحِبُ يُوسُفَ، مُرُوا أَبَا بَكْرٍ يُصَلِّيَ بِالنَّاسِ، فَرُبَّ قَائِلٍ مُتَمَنَّيٍّ وَيَأْبَى اللَّهُ وَالْمُؤْمِنُونَ

إِسْنَادُهُ حَسَنٌ مِنْ أَجْلِ فُلَيْحِ بْنِ سُلَيْمَانَ

বাংলা

৮৩. আয়েশা রাযিয়াল্লাহু আনহা হতে বর্ণিত, তিনি বলেন, অসুস্থ অবস্থায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে সালাতের সংবাদ দেওয়া হলে তিনি বললেন: 'আবু বাকরকে বল লোকদের নিয়ে সালাত আদায় করতে।' তারপর তিনি বেছঁশ হয়ে গেলেন। এ অবস্থা দূরীভূত হওয়ার পর তিনি বললেন: 'তোমরা কি আবু বাকরকে লোকদেরকে নিয়ে সালাত আদায় করতে বলেছ?' আমি বললাম, আবু বাকর খুব নরম হৃদয়ের মানুষ। আপনি যদি উমারকে আদেশ করতেন! তখন তিনি বললেন: 'তোমরা তো দেখছি ইউসুফের সাথীদের মতই। আবু বাকরকে বল লোকদের নিয়ে সালাত আদায় করতে।' কতিপয় (খিলাফাত লাভের ব্যাপারে) আকাংখী উজ্জিকারী (থাকবে), কিন্তু আল্লাহ ও মুমিনগণ এটা (আবু বাকরকে বাদ দিয়ে অন্যের নেতৃত্ব) মানতে নারায়।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ হাসান। (তবে এটি সামান্য শব্দের পার্থক্যসহ সহীহ বুখারী বর্ণিত হয়েছে।-অনুবাদক)

তাখরীজ: আমরা এর তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৪৪৭৮, ৪৫৭৯ তে। (এটি সহীহ বুখারী (৬৭৮-৬৭৯, ৬৮২, ৬৮৭, সহীহ মুসলিমে ৪/২১ (৪২০); আহমদ ১৯৭২০ বর্ণিত হয়েছে।- অনুবাদক)।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69394>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন